গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
১৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী
মৎস্য ভবন, রমনা, ঢাকা।

নং-৩৩.০২.০০০০.১০৫.০৬.১৪৩.১৬-২২৫৬ তারিখ-২০/৮/১৭

বিষয়ঃ ব্যবহার অনুপযোগী সরকারি ভবনাদি/আসবাবপত্র/অন্যান্য মালামাল পরিত্যক্ত ঘোষণাকরণ ও নিষ্পত্তির নিমিত্ত কমিটি গঠন প্রসংগে।

সূত্রঃ মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয়ের পত্র -৩৩.০২.০০০০.১২৬.০৫.০১৯.১১-৪২৬, তারিখ-৩১/০৭/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্র পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন মৎস্য অধিদপ্তরের সরকারি ভবনাদি/আসবাবপত্র/অন্যান্য মালামাল পরিত্যক্ত ঘোষণা করার জন্য জেলা কনডেমনেশন কমিটি গঠন করা হয়েছে (কপি সংযুক্ত)।

মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত উক্ত জেলা কনডেমনেশন কমিটির মাধ্যমে ব্যবহার অনুপযোগী সরকারী ভবনাদি/আসবাবপত্র/অন্যান্য মালামাল পরিত্যক্ত ঘোষণা করণ ও নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনপূর্বক আগামী ১(এক) মাসের মধ্যে রিপোর্ট প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত-বর্ননামতে।

20.08.2017

**(মোঃ রমজান আলী)**
উপ-পরিচালক(প্রশাসন)
ফোন-৯৫৬৯৩৫৫
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

জেলা মৎস্য কর্মকর্তা (সকল)
------------------------------------------

নং-৩৩.০২.০০০০.১০৫.০৬.১৪৩.১৬- ২২৫৬/১ (৭০) তারিখ-২০/৮/১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরন করা হ'ল।

১। অতিরিক্ত মহাপরিচালক/পরিচালক(অভ্যন্তরীণ মৎস্য) মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
২। উপ-পরিচালক, ----------------------------------------(সকল)।
৩। সহকারী পরিচালক, আইটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।)

মহাপরিচালকের পক্ষে,

20/8/17

(মোহাম্মদ কামরুজ্জামান হোসাইন)
প্রধান মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা
(সেবা ও সরবরাহ)
ফোনঃ-৯৫৬৭২২০
ই-মেইল-kjeweldof@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-১ অধিশাখা
www.mofl.gov.bd

পত্র নং-৩৩.০০.০০০০.১২৬.০৫.০১৯.১১-৪২৬

তারিখঃ ১৬ শ্রাবণ ১৪২৪ / ৩১ জুলাই ২০১৭

বিষয়ঃ ব্যবহার অনুপযোগী সরকারি ভবনাদি/আসবাবপত্র/অন্যান্য মালামাল পরিত্যক্ত ঘোষণাকরণ ও নিষ্পত্তির নিমিত্ত কমি গঠন প্রসঙ্গে।

উপযুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন মৎস্য অধিদপ্তর এবং প্রাণিসম্পদ অধিদপ্তরে সরকারি ভবনাদি/আসবাবপত্র/অন্যান্য মালামাল পরিত্যক্ত ঘোষণা করার জন্য নিম্নবর্ণিত জেলা কনডেমনেশন কমিটি গঠনে নিমিত্ত সম্মতি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**ক) মৎস্য অধিদপ্তরের জন্য জেলা কনডেমনেশন কমিটি ও কার্যপরিধি নিম্নরূপঃ**

| | | |
|---|---|---|
| ক) জেলা প্রশাসক | - | আহবায়ক |
| খ) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ (সংশ্লিষ্ট জেলার) | - | সদস্য |
| গ) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি (সংশ্লিষ্ট জেলার) | - | সদস্য |
| ঘ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি (সংশ্লিষ্ট উপজেলার) | - | সদস্য |
| ঙ) জেলা মৎস্য কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলার) | - | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধিঃ**

(১) সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলীর মাধ্যমে মৎস্য অধিদপ্তরের ব্যবহারের অনুপোযোগী সরকারি ভবনাদি/আসবাবপত্র /অন্যান্য মালামাল কনডেমড ঘোষণা/নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে উপজেলা/সিনিয় উপজেলা মৎস্য কর্মকর্তা প্রাক্কলন প্রস্তুত করবেন।

(২) উপজেলার জন্য প্রস্তুতকৃত প্রাক্কলন উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদনের পর সংশ্লি উপজেলা/সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জেলা কনডেমনেশন কমিটির সদস্য-সচিব এর নিকট প্রের করবেন।

(৩) জেলার মৎস্য অধিদপ্তরের সরকারি ভবনাদি/আসবাবপত্র/অন্যান্য মালামাল কনডেমড ঘোষণা/নিলাে বিক্রয়ের উদ্দেশ্যে নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত এর মাধ্যমে জেলা মৎস্য কর্মকর্তা প্রাক্কলন প্রস্তুত করবেন।

(৪) উপজেলা/জেলার প্রাক্কলন জেলা কনডেমনেশন কমিটি পরীক্ষা-নিরীক্ষা এবং প্রয়োজনবোধে সংশ্লি ভবনাদি/আসবাবপত্র/অন্যান্য মালামাল সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রস্তাব যথাযথ বিবেচিত হলে ত কনডেমড ঘোষণা করার সুপারিশ করবেন।

(৫) জেলা মৎস্য কর্মকর্তা সংশ্লিষ্ট কাগজপত্রাদি এবং কনডেমড ঘোষণা সংক্রান্ত কমিটির সিদ্ধান্ত অনুমোদনে জন্য মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

**খ) প্রাণিসম্পদ অধিদপ্তরের জন্য জেলা কনডেমনেশন কমিটি ও কার্যপরিধি নিম্নরূপঃ**

| | | |
|---|---|---|
| ক) জেলা প্রশাসক | - | আহবায়ক |
| খ) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ (সংশ্লিষ্ট জেলার) | - | সদস্য |
| গ) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি (সংশ্লিষ্ট জেলার) | - | সদস্য |
| ঘ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি (সংশ্লিষ্ট উপজেলার) | - | সদস্য |
| ঙ) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলার) | - | সদস্য সচিব |

চলমান পাতা/০২

**কমিটির কার্যপরিধিঃ**

(১) সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলীর মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তরের ব্যবহারের অনুপোযোগী সরকারি ভবনাদি/আসবাবপত্র /অন্যান্য মালামাল কনডেমড ঘোষণা/নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা প্রাক্কলন প্রস্তুত করবেন।

(২) উপজেলার জন্য প্রস্তুতকৃত প্রাক্কলন উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় অনুমোদনের পর সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জেলা কনডেমনেশন কমিটির সদস্য-সচিব এর নিকট প্রেরণ করবেন।

(৩) জেলার প্রাণিসম্পদ অধিদপ্তরের সরকারি ভবনাদি/আসবাবপত্র/অন্যান্য মালামাল কনডেমড ঘোষণা/নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত এর মাধ্যমে জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা প্রাক্কলন প্রস্তুত করবেন।

(৪) উপজেলা/জেলার প্রাক্কলন জেলা কনডেমনেশন কমিটি পরীক্ষা-নিরীক্ষা এবং প্রয়োজনবোধে সংশ্লিষ্ট ভবনাদি/আসবাবপত্র/অন্যান্য মালামাল সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রস্তাব যথাযথ বিবেচিত হলে তা কনডেমড ঘোষণা করার সুপারিশ করবেন।

(৫) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সংশ্লিষ্ট কাগজপত্রাদি এবং কনডেমড ঘোষণা সংক্রান্ত কমিটির সিদ্ধান্ত অনুমোদনের জন্য মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

স্বাঃ

হাফছা বেগম
উপসচিব
ফোন নং-৯৫৭৭২৬২

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

পত্র নং-৩৩.০০.০০০০.১২৬.০৫.০১৯.১১-৪২৬

তারিখঃ ১৬ শ্রাবণ ১৪২৪ / ৩১ জুলাই ২০১৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। যুগ্মসচিব (প্রাণিসম্পদ-১), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
০২। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
০৩। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
০৪। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫। অতিঃ সচিব (মৎস্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩১/৭/২০১৭

হাফছা বেগম
উপসচিব
ফোন নং-৯৫৭৭২৬২